**17th Meeting of the Working Mechanism for Consultation & Coordination on India-China Border Affairs**

July 24, 2020

---

## ভারত-চিন সীমান্ত বিষয়ের উপরে পরামর্শ এবং সমন্বয়ের জন্য কার্যপদ্ধতির 17তম বৈঠক

জুলাই 24.2020

1. 24 জুলাই 2020 তারিখে ভারত-চিন সীমান্ত বিষয়ের উপরে পরামর্শ এবং সমন্বয়ের জন্য কার্যপদ্ধতির (ডব্লিউএমসিসি)-র 17তম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব (পূর্ব এশিয়া), অন্যদিকে চিনা প্রতিনিধিদলের নেতৃত্ব দিয়েছেন চিনা মন্ত্রকের সীমান্ত ও সামুদ্রিক দপ্তরের মহা নির্দেশক।
2. উভয় পক্ষ ইন্দো-চিন সীমান্ত অঞ্চলের পরিস্থিতি এবং পশ্চিম ক্ষেত্রে আসল নিয়ন্ত্রণ রেখা (এলএসি) রেখা বরাবর চলতে থাকা সৈন্যর গতিবিধি বন্ধ করার পদ্ধতির পর্যালোচনা করেছেন। দ্বিপাক্ষিক সম্পর্কের মসৃণ এবং সার্বিক বিকাশের জন্য দ্বিপাক্ষিক চুক্তি এবং প্রোটকল অনুযায়ী এবং শান্তি ও স্থিরতা ফিরিয়ে আনতে ইন্দো-চীন সীমান্ত অঞ্চলের আসল নিয়ন্ত্রণ রেখা (এলএসি) বরাবর দ্রুত এবং সম্পূর্ণরূপে সৈন্যর গতিবিধি বন্ধ করা এবং সৈন্য প্রত্যাহার করা যে গুরুত্বপূর্ণ ছিল সে বিষয়ে সহমত হয়েছেন।উভয় পক্ষ উল্লেখ করেছিলেন যে, এটি ছিল দুইজন বিশেষ প্রতিনিধি(এসআরএস)-র মধ্যে 5 জুলাই 2020 তারিখে টেলিফোনে হওয়া কথপোকথনের মাধ্যমে উপনীত হওয়া সহমত অনুযায়ী ।এই পরিপ্রেক্ষিতে তারা সহমত হয়েছেন যে,অদ্যাবধি বরিষ্ঠ সেনাপতির মধ্যে বৈঠকে উপনীত হওয়া সিদ্ধান্তকে আন্তরিকতার সাথে কাজে পরিণত করা দুপক্ষেরই প্রয়োজন ছিল।দুপক্ষই সহমত হয়েছেন যে, সীমান্ত অঞ্চলে দ্রততার সাথে সৈন্য গতিবিধি বন্ধ করা ও সৈন্য প্রত্যাহার এবং শান্তি ও স্থিরতাকে পুনরূদ্ধার করাকে সুনিশ্চিত করার জন্য পরবর্তী পদক্ষেপ গ্রহণে অতি শীঘ্রই বরিষ্ঠ সেনাপতিদের মধ্যে আরেকটি বৈঠক হবে।
3. উভয়পক্ষ, ডবলিউএমসিসি-র বৈঠকের মাধ্যম সহ কূটনৈতিক এবং সামরিক উভয় স্তরে চলতে থাকা ব্যবস্থাপনাকে তারা বজায় রাখবেন বলেও সহমত প্রকাশ করেছেন।

নিউ দিল্লি
জুলাই 24.2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.